

শোভা (Beauty)
©Deepak Sarkar, Written on November, 2000, Oregon, USA

অপরূপ শোভা চারিদিকে!

Oregon-এর পথে -

Eugene থেকে Portland হেমন্ত প্রভাতে।

কুয়াসায় ঢাকা পাহারী পথে -

পাতা ঝরা গাছের ডালে ডালে!

রঙিন পাতা ঝরে, নতুন শিশির ভারে

সোনালী ঘাসের প্রাণে বসন্ত আগমণী শোনাতে!

কুয়াসা যাচ্ছে ধীরে মিলিয়ে -

রোদের আলিঙনে নীরব পায়ে!

হঠাত সামনে দেখি, তুষার শূভ্র হাসি,

নিয়ে Mount Hood চলে দিগন্তে একই গতিতে!